# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৯৩. স্বামীর মৃত্যুর পর কোন মহিলাকে তার মৃত স্বামীর কোন আত্মীয়ের নিকট বিবাহ্ বসতে বাধ্য করা

স্বামীর মৃত্যুর পর কোন মহিলাকে তার মৃত স্বামীর কোন আত্মীয়ের নিকট বিবাহ্ বসতে বাধ্য করা হারাম। আল্লাহ্ তা'আলা বলেন:

«يَا أَيُّهَا الَّذِيْنَ آمَنُوْا لَا يَحِلُّ لَكُمْ أَنْ تَرِثُوْا النِّسَآءَ كَرْهًا، وَلَا تَعْضُلُوْهُنَّ».

"হে ঈমানদারগণ এটা তোমাদের জন্য হালাল হবে না যে, তোমরা বলপূর্বক নারীদের উত্তরাধিকারী হয়ে যাবে এবং তোমরা তাদেরকে প্রতিরোধ করো না"। (নিসা' : ১৯)

'আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রা.) থেকে বর্ণিত তিনি উক্ত আয়াতের ব্যাখ্যায় বলেন: জাহিলী যুগে কেউ মারা গেলে তার ওয়ারিশ্রা তার স্ত্রীর মালিক হয়ে যেতো। তখন বিবাহ্'র ক্ষেত্রে উক্ত মহিলার নিজের উপর তার কোন কর্তৃত্ব থাকতো না। ওয়ারিশদের কেউ চাইলে তাকে নিজেই বিবাহ্ করে নিতো অথবা তাদের খেয়ালখুশি মতো কারোর নিকট উক্ত মহিলাকে বিবাহ্ দিয়ে দিতো। নয়তো বা তাকে এভাবেই রেখে দিতো। কারোর নিকট তাকে বিবাহ্ও দিতো না। তখন উক্ত আয়াতটি তাদের ব্যাপারেই নাযিল হয়। (আবূ দাউদ ২০৮৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6869

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন